জরুরী
বিশেষ বাহক দ্বারা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.২২.০০৫.১৪-১৪৪ তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪২২ ব./০৭ জুন ২০১৫ খ্রি.।

বিষয় : ২০১৪-১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ৩য় পর্যায়ের নির্বাচনী এলাকা ও সংরক্ষিত মহিলা আসন ভিত্তিক মাননীয় সংসদ সদস্যদের অনুকূলে অর্থের বিশেষ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় দেশের ৩০০টি নির্বাচনী এলাকা এবং ৫০টি সংরক্ষিত মহিলা আসন ভিত্তিক মাননীয় সংসদ সদস্যদের অনুকূলে ৩য় পর্যায়ে অর্থের বিশেষ বরাদ্দ নিম্নবর্ণিত বিভাজন ও শর্তে ৯৬,৫৮,৪০,২০০/- (ছিয়ানব্বই কোটি আটান্ন লক্ষ চল্লিশ হাজার দুইশত) টাকা-এর **মূল বরাদ্দ** মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর ছাড় করা হলোঃ

| ক্রমিক | নির্বাচনী এলাকার বিবরণ | প্রতিটি নির্বাচনী/সংরক্ষিত এলাকার বরাদ্দের পরিমাণ | ৩য় পর্যায়ে মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ |
|---|---|---|---|
| ১। | ৩০০ টি আসন | ২৮,৮৬,১৩৪/- টাকা | ৮৬,৫৮,৪০,২০০/- টাকা |
| ২। | সংরক্ষিত মহিলা আসন ৫০টি | ২০,০০,০০০/- টাকা | ১০,০০,০০,০০০/- টাকা |
| | | সর্বমোট: | ৯৬,৫৮,৪০,২০০/- (ছিয়ানব্বই কোটি আটান্ন লক্ষ চল্লিশ হাজার দুইশত) টাকা |

শর্তসমূহ:

১) ৩য় পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা আগামী ১৫ জুন ২০১৫ খ্রি. তারিখের মধ্যে টিআর নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;

(২) এ বরাদ্দের সমুদয় অর্থ দ্বারা মুক্তিযোদ্ধা পরিবার, দুঃস্থ পরিবার, বয়স্ক ভাতাপ্রাপ্ত ব্যক্তিবর্গ, শিক্ষা প্রতিষ্ঠান এবং ধর্মীয় প্রতিষ্ঠানে সোলার প্যানেল, বায়োগ্যাস প্লান্ট ও উন্নত চুলা বাস্তবায়ন করতে হবে। সোলার প্যানেল, বায়োগ্যাস প্লান্ট ও উন্নত চুলা সরকারী প্রতিষ্ঠান/তাদের মনোনীত সহযোগী প্রতিষ্ঠান থেকে ক্রয় করতে হবে।

(৩) এ কর্মসূচীর আওতায় অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং টিআর নির্দেশিকা-এর অনুশাসনাবলী অনুসরণ করতে হবে;

(৪) সংরক্ষিত আসনের মাননীয় সংসদ সদস্যদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ বরাদ্দ/ব্যবহারের ক্ষেত্রে টিআর নির্দেশিকা ২(ঙ) অনুচ্ছেদ প্রযোজ্য হবে।

(৫) পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

স্বাক্ষরিত/-
(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)
ফোন : ৯৫৪০১৩৯
ই-মেইল:dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.২২.০০৫.১৪-১৪৪/১(১০) তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪২২ ব./০৭ জুন ২০১৫ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৫। জেলা প্রশাসক, (সকল)-----------------------------------(মাননীয় সংসদ সদস্যগণকে অবগত করানোর অনুরোধসহ)।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৯। সিস্টেম এনালিস্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (অতিঃসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭/০৭

(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)

Letter-Monir